

প্রাথমিক বৃত্তি গণিত



২৮ টি সৃজনশীল

১. আলতাফ সাহেবের মাসিক বেতন ৯৮৭০ টাকা। প্রতি মাসে তিনি ৩৮০০ টাকা বাসা ভাড়া বাবদ এবং ৫৬৫০ টাকা পরিবারের প্রয়োজনে খরচ করেন। অবশিষ্ট টাকা তিনি একটি ব্যাংকে জমা রাখেন। তিনি বছরে কত টাকা ব্যাংকে জমা রাখেন?

ক) তিনি মোট কত টাকা খরচ করেন?

খ) প্রতি মাসে তিনি কত টাকা জমা রাখেন?

গ) তিনি বছরে কত টাকা ব্যাংকে জমা রাখেন?

২। পিতা ও কন্যার বয়সের সমষ্টি ৮০ বছর।
পিতার বয়স কন্যার বয়সের চার গুণ। তাদের
প্রত্যেকের বয়স কত?

- ক) কন্যার বয়স কত?
- ১০ বছর পূর্বে তাদের বয়সের সমষ্টি কত ছিল?
- খ) পিতার বয়স কত ?
- গ) ৫ বছর পর তাদের বয়সের সমষ্টি কত ?





৩। ১২টি প্লেট এবং ২০টি কাপের মূল্য একত্রে ৩৯২০ টাকা। একটি কাপের মূল্য ১৪৫ টাকা।

ক) ২০ টি কাপের মূল্য কত ?

খ) ১ ডজন প্লেটের মূল্য কত

গ) ২১৭৫ টাকায় কয়টি কাপ পাওয়া যাবে?





এছাড়া বইয়ের যেসব অংক
করতে হবে

Chapter-3

Compas-2,3,4

Pencil- 1,3

Exercise: 9,11,13,16





1. একটি পার্কে লাল রংয়ের বাতি ৩০ মিনিট, হলুদ রংয়ের বাতি ৩৬ মিনিট এবং সবুজ রংয়ের বাতি ৪৫ মিনিট পর পর জ্বলে।

(ক) প্রথমে একসাথে জ্বলার পর বাতিগুলো কতক্ষণ পর পুনরায় একসাথে জ্বলবে?

(খ) যদি লাল রংয়ের বাতি ২৪ মিনিট পর পর জ্বলে তাহলে বাতিগুলো একসাথে জ্বলার পর ন্যূনতম কত মিনিট পর পুনরায় একসাথে জ্বলবে?



5. তিনটি ঘণ্টা প্রথমে একত্রে বেজে উঠার পর যথাক্রমে ১০, ১২ ও ১৫ মিনিট পরপর বাজতে লাগলো।

(ক) ঘণ্টাগুলো সর্বনিম্ন কত মিনিট পর আবার একত্রে বাজবে?

(খ) সকাল ৯:০০ টায় একত্রে বাজার পর ঘণ্টাগুলো আবার কয়টায় একত্রে বাজবে?




অনু-৫

৬। একজন শিক্ষক ৪০ জন ছাত্র এবং ২৪ জন ছাত্রীকে কতগুলো দলে ভাগ করে দিলেন যেন প্রত্যেক দলে ছাত্র ও ছাত্রীর সংখ্যা সমান থাকে এবং কোনো শিক্ষার্থী অবশিষ্ট না থাকে। সর্বোচ্চ কয়টি দলে ভাগ করা যাবে এবং প্রতি দলে কতজন ছাত্র এবং ছাত্রী থাকবে তা নির্ণয় কর।

অনু-৫


৫. ডান পাশে একটি আয়তাকার মেঝের ছবি দেওয়া আছে। কোন খালি জায়গা না রেখে আমরা ঘরের মেঝেতে বর্গাকার কার্পেট বসাতে চাই।



- (১) মেঝেতে বিছানো যাবে এমন বর্গাকার কার্পেটের বৃহত্তমটির একবাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।
- (২) সম্পূর্ণ মেঝে কার্পেট বিছানোর জন্য এরূপ কয়টি কার্পেট লাগবে?

অনু-৫

কিছু টাইলস আছে যার প্রত্যেকটির দৈর্ঘ্য ৮ সেমি এবং প্রস্থ ৬ সেমি। আমরা টাইলসগুলো মেঝেতে বসিয়ে একটি বর্গক্ষেত্র বানাতে চাই। সবচেয়ে ছোট বর্গক্ষেত্রটির একবাহুর দৈর্ঘ্য নির্ণয় করি।



(১) সবচেয়ে ছোট বর্গক্ষেত্র বানানোর জন্য কয়টি টাইলস প্রয়োজন?

অনু-৫



9. তিনটি বেজে ওঠা ঘন্টা যথাক্রমে ৮, ১০ ও ১২ মিনিট পর পর বাজে।

(ক) ঘন্টাগুলো একত্রে বাজানোর সময় নির্ণয়ে কী করতে হবে?

(খ) ঘন্টাগুলো কতক্ষণ পর একত্রে বাজবে?

(গ) যদি ঘন্টাগুলো ৬, ৮ ও ১৪ মিনিট পর পর বাজে, তাহলে কতক্ষণ পরে আবার একত্রে বাজবে?

অনু-৬

১০। একটি বাঁশের $\frac{1}{8}$ অংশ কাদায়, $\frac{3}{5}$ অংশ পানিতে এবং অবশিষ্ট ৩মিটার পানির উপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত?

ক) কাদায় এবং পানিতে কতটুকু আছে ?

খ) সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য কত?

গ) বাঁশের কত মিটার পানিতে আছে?

বইয়ের পেনসিল ৪ নং অঙ্কটা ভাল করে করতে হবে।

অনু-৬




3. মামুন বাজারে গিয়ে $\frac{3}{5}$ কেজি চিনি, $\frac{8}{5}$ কেজি ডাল, ২ কেজি ময়দা কিনল।

(ক) সে মোট কত কেজি দ্রব্য কিনল?

(খ) সে মোট কত কেজি চিনি ও ডাল কিনল?

(গ) সে চিনি অপেক্ষা ময়দা কত কেজি বেশি কিনল?



অনু-৬



1. হাসান সাহেব তার সম্পত্তি স্ত্রী, ৩ ছেলে ও ১ মেয়ের মধ্যে ভাগ করে দিলেন। ছেলেরা $\frac{1}{4}$ অংশ এবং মেয়ে $\frac{1}{4}$ অংশ পেল। বাকি সম্পত্তি স্ত্রী পেল।

(ক) ৩ ছেলে ও ১ মেয়ে মোট কত অংশ সম্পত্তি পেল?


(খ) স্ত্রী সম্পত্তির কত অংশ পেল ?

(গ) ৩ ছেলে, ১ মেয়ের চেয়ে কত অংশ বেশি পেল?


বইয়ের ৪ নং অঙ্কটা (হাবিব সাহেব) করতে হবে।

অনু-৬

একটি লাঠির $\frac{1}{6}$ অংশ মাটিতে, $\frac{1}{2}$ অংশ পানিতে।
এবং অবশিষ্ট অংশ পানির উপরে আছে, পানির উপরের
অংশের দৈর্ঘ্য ২ মিটার।



ক. লাঠির মোট কত অংশ পানিতে এবং মাটিতে আছে?
খ. পানির উপরে কত অংশ আছে?
গ. লাঠির কত মিটার পানিতে আছে?



বইয়ের পেনসিল ৪ নং অঙ্কটা করতে হবে।

অনু-৬

১৪। সাজ্জাদ সাহেবের ২৪০০০ টাকা ছিল। তিনি এই টাকার $\frac{৫}{১২}$ অংশ এতিমখানায়, $\frac{৩}{৮}$ অংশ শিক্ষাপ্রতিষ্ঠানে দান করলেন।

ক) তিনি কত অংশ দান করলেন?

খ) তার কাছে কত টাকা আছে?

গ) তিনি অবশিষ্ট টাকার $\frac{১}{৮}$ অংশ মাছ এবং $\frac{৩}{২০}$ অংশ মাংস কিনলে তার নিকট কত টাকা থাকবে?


বইয়ের পেনসিল ১০(৩) নং অঙ্কটা করতে হবে।

১৫। একটি ঝড়ির ২৫টি আমের মধ্যে ৪টি আমের ওজন যথাক্রমে ৩৯৭ গ্রাম, ৪০৫ গ্রাম, ৩৮৮ গ্রাম ও ৩৯৪ গ্রাম।

ক) গড় নির্ণয়ের সূত্রটি লেখো।

খ) আম ৪টির গড় ওজন কত?

গ) গড় ওজনের ভিত্তিতে ২৫টি আমের মোট ওজন কত?




১৬। ৭টি টেনিস বলের মোট মূল্য ৪০৬ টাকা। প্রথম ৩টি বলের গড় মূল্য ৫৮ টাকা এবং শেষের ৩টি বলের গড় মূল্য ৫৫ টাকা।

ক) বলগুলোর গড় মূল্য কত? ।

খ) ৪র্থ বলটির মূল্য কত??

গ) প্রথম ৩টি বলের মোট মূল্য এবং শেষের ৩টি বলের মোট মূল্যের পার্থক্য ১০টি কলমের গড় মূল্য হলে, ঐ ১০টি কলমের মোট মূল্য কত?




১৭। এক ব্যক্তি ১৬ লিটার দুধ কিনলেন। প্রতিটি প্যাকেটে ০.০৮ লিটার দুধ আছে।

ক) ৫টি প্যাকেটে কত লিটার দুধ আছে?

খ) ৭টি প্যাকেটে কত লিটার দুধ আছে?

গ) ওই ব্যক্তি মোট কতটি দুধের প্যাকেট কিনলেন?




১৮। এক ব্যক্তি মোটরসাইকেল দ্বারা ১২ কিলোমিটার পথ অতিক্রম করলেন। যেখানে ০.০২ কি.মি. পথ যেতে এক সেকেন্ড সময় লাগে।

ক) ৫ সেকেন্ডে সে কত কি.মি. পথ অতিক্রম করবে?

খ) ৮ সেকেন্ডে সে কত কি.মি. পথ অতিক্রম করে?

গ) সম্পূর্ণ পথ অতিক্রম করতে কত মিনিট সময় লাগবে?




১৯। একজন বিক্রেতা কারখানা থেকে একটি মেশিন ক্রয় করে ১৫% লাভে মেশিনটি ৫৫২০০ টাকায় বিক্রয় করলেন।

ক) মেশিনটির ক্রয়মূল্য ২০০ টাকা হলে কাঙ্ক্ষিত লাভ পেতে হলে কত টাকায় বিক্রয় করতে হবে?

খ) মেশিনটির ক্রয়মূল্য কত?


গ) ২৫% লাভ করতে চাইলে বিক্রেতাকে মেশিনটি কত টাকায় বিক্রয় করতে হবে?



২০। শ্যামল চাকমা একটি ব্যাংক থেকে ৪৫০০ টাকা ঋণ
নিলেন। বার্ষিক ৮% মুনাফা আসলের উপর ধার্য করা
হলো

ক) ১০ বছর পর, মোট কত টাকা পরিশোধ করতে হবে?

খ) কত বছর পর মোট মুনাফার পরিমাণ ২৫২০ টাকা হবে?



২০। হোসেনের মাসিক আয় ২৫০০ টাকা এবং তার মধ্য থেকে তিনি ১৭৫০ টাকা খাবার কেনায় ব্যয় করেন। শামিমের মাসিক আয় ১৮০০ টাকা এবং তিনি খাবার কেনায় ১৪৪০ টাকা ব্যয় করেন।

ক) হোসেনের আয়ের ওপর খাবার কেনার ব্যয় শতকরায় প্রকাশ করো।

খ) কে খাবার কেনায় আনুপাতিকভাবে বেশি টাকা ব্যয় করেন?

গ) তাদের মাসিক মোট আয়ের শতকরা কত টাকা অবশিষ্ট থাকে?



1. কাশেম সাহেব ব্যাংক থেকে ৩০০০০ টাকা ঋণ নিয়ে ৫ বছর পর আসলসহ মোট ৪০৫০০ টাকা পরিশোধ করলেন।

(ক) কাশেম সাহেব ৫ বছরে মোট কত টাকা মুনাফা দিলেন?

(খ) ৩০০০০ টাকার ১ বছরের মুনাফা কত টাকা ছিল?

(গ) বার্ষিক মুনাফার হার কত ছিল?

2. শিমুল একটি ব্যাংক থেকে কিছু টাকা ঋণ নিলেন। শর্ত ছিল ব্যাংকে বার্ষিক ৮% মুনাফা দিতে হবে। এক বছর পর মুনাফার পরিমাণ হলো ৭২০ টাকা।

(ক) ৮% কে ভগ্নাংশে প্রকাশ কর।

(খ) শিমুল কত টাকা ঋণ নিয়েছিলেন?

(গ) ৫ বছর পর তাকে মোট কত টাকা পরিশোধ করতে হবে?

ক) ৪ সে.মি. বাহুবিশিষ্ট একটি বর্গ অঙ্কন করো। অঙ্কিত বর্গের বৈশিষ্ট্য লেখো।

খ) ৩ সে.মি. প্রস্থ এবং ৫ সে.মি. দৈর্ঘ্যবিশিষ্ট একটি আয়ত অঙ্কন করো। অঙ্কিত আয়তের বৈশিষ্ট্য লেখো।


গ) একটি সামান্তরিক আঁকো, যার একটি কোণের পরিমাণ ৬০ ডিগ্রি। অঙ্কিত সামান্তরিকের বৈশিষ্ট্য লেখো।

২৬। রেজার ওজন ৩৬.৫ কেজি, তার ছোট ভাই এবং বাবার ওজন যথাক্রমে তার ওজনের ০.৮ গুণ এবং ১.৬ গুণ। তার ভাই এবং বাবার ওজন নির্ণয় কর।

ক) তার ভাইয়ের ওজন কত?

খ) তার বাবার ওজন কত?

গ) তার বাবা এবং ভাইয়ের ওজনের পার্থক্য কত?




২৭। একটি বর্গাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ৪১ মিটার।

ক) বর্গাকার ক্ষেত্রের ক্ষেত্রফল কত?

খ) যদি বর্গাকার ক্ষেত্রের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য ৫ মিটার কম হয়,
তবে ক্ষেত্রফল কত হবে?


গ) যদি ক্ষেত্রটির দৈর্ঘ্য ৫ মিটার বেশি এবং প্রস্থ ৫ মিটার কম হয়,
তবে ক্ষেত্রফল কত হবে?



২৮। একটি ট্রেন ঘন্টায় ১২০.৫ কিমি যায়।

ক) ৫.৫ ঘন্টায় ট্রেনটি কত কিমি যাবে?

খ) ৩৬৪.৫ কিমি যেতে ট্রেনটির কত ঘন্টা লাগবে ?




২৯। সাবিহা ও দিবার গড় বয়স ১০ বছর। দিবা ও সোহার গড় বয়স ১২ বছর। সাবিহার বয়স ৯ বছর।

ক) দিবার বয়স কত?

খ) সোহার বয়স কত ?


গ) তিনজনের গড় বয়স কত?



৩০। ৭টি টেনিস বলের মোট মূল্য ৪০৬ টাকা। প্রথম ৩টি বলের গড় মূল্য ৫৮ টাকা এবং শেষের ৩টি বলের গড় মূল্য ৫৫ টাকা।

ক) বলগুলোর গড় মূল্য কত ?


খ) ৪র্থ বলটির মূল্য কত ?



৩০। আব্দুর রহমান ২০২৪ সালের ২০ ফেব্রুয়ারি সকাল ৯:৩০ মিনিটে ঢাকাগামী একটি ট্রেনে ওঠেন এবং ১৯:৪৫ মিনিটে ঢাকায় পৌঁছান।

ক) ঢাকা পৌঁছানোর সময়কে ১২ ঘণ্টা সময়সূচিতে প্রকাশ করো।

খ) আব্দুর রহমানের ঢাকা পৌঁছাতে কত সময় লেগেছিল? সেই সময়কে মিনিটে প্রকাশ করো।?



৩১। লতিফ বাজারে গিয়ে ৩.৫ কেজি চাল, ৮ হেগ্রা সবজি এবং ২৪০০ গ্রাম মাংশ কিনল।

ক) তিনি কত কিগ্রা সবজি কিনলেন?

খ) তিনি কত কেজি মাংশ কিনলেন?

গ) তিনি মোট কত কেজি বাজার করলেন ?



৩২। রেজা প্রতি মিনিটে ৪৫ মিটার হাঁটে এবং মিনা প্রতি সেকেন্ডে ৮০ সেমি হাঁটে।

ক) রেজা কত সেমি হাঁটে?

খ) কে দ্রুত হাঁটে ?



৩৩। একটি আয়তাকার ধানক্ষেতের প্রস্থ ৭৫০ মিটার এবং দৈর্ঘ্য ১২০০ মিটার।

ক) ধানক্ষেতের ক্ষেত্রফল কত বর্গমিটার ?

খ) ক্ষেত্রফলকে এয়রে প্রকাশ কর ?




৩৪। কোনো একটি বিদ্যালয়ের ৪র্থ শ্রেণির শিক্ষার্থীদের বাসায় পড়ালেখার সময়ের ওপর একটি জরিপের উপাত্ত হলো : (মিনিট)

ক) শিক্ষার্থীদের পড়ালেখার সর্বোচ্চ ও সর্বনিম্ন সময়ের ব্যবধান কত??

খ) শিক্ষার্থীদের পড়ালেখার সময়ের গড় নির্ণয় করো।?

গ) শ্রেণি ব্যবধান ২০ ধরে আয়তলেখ আঁকো। ?




৩৪। পঞ্চম শ্রেণির 'খ' শাখার ২০ জন শিক্ষার্থীর গত ২ মাসে বাড়ির কাজ জমা দেওয়ার উপাত্ত নিম্নরূপ :

১২, ১৪, ২৪, ২৯, ১৬, ১২, ৯, ২৯, ২০, ১৬, ২৮, ১২, ৮, ২৯, ২৪,
২৯, ১২, ৬, ২২, ২৮

ক) সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যা কত ?

খ) উপাত্তগুলোর গড় নির্ণয় করো।

গ) শ্রেণি ব্যবধান ৫ ধরে সারণি তৈরি করো।




৩৪। ক গ্রামের আয়তন ৫০ বর্গকিমি ও জনসংখ্যা ৫৫০ জন এবং
খ গ্রামের আয়তন ২০ বর্গকিমি ও জনসংখ্যা ৩২০ জন।

ক) ক গ্রামের জনসংখ্যার ঘনত্ব কত ?

খ) খ গ্রামের জনসংখ্যার ঘনত্ব কত ?

গ) কোন গ্রামে জনসংখ্যার ঘনত্ব বেশি ?





Thank you

Sarup Das

Instructor

MPC Academy

www.mpcacademybd.com

